আজকের কাগজ

তারিখ 16 DEC 1992
পৃঃ ৮ কলাম ৪

54

### ঢাঃ বিঃ ইতিহাস বিভাগের বুদ্ধিজীবী স্মরণসভায় বক্তারা

# রাষ্ট্রের সঙ্গে ধর্মের সংশ্রব ঘটালে রাষ্ট্র ও ধর্ম দুই–ই ক্ষতিগ্রস্ত হয়

শহীদ বুদ্ধিজীবী দিবস স্মরণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের উদ্যোগে গতকাল মঙ্গলবার আইবিএ মিলনায়তনে শহীদ বুদ্ধিজীবী স্মারক বক্তৃতা অনুষ্ঠিত হয়। ইতিহাস বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ডঃ সৈয়দ আনোয়ার হোসেনের সভাপতিত্বে এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ওয়াকিল আহমদ। বাংলা বিভাগের অধ্যাপক ডঃ আনিসুজ্জামান "ধর্মরাষ্ট্র, ধর্ম নিরপেক্ষতা ও রাষ্ট্রধর্ম" শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপনা করেন এবং অন্যান্যের মধ্যে আলোচনায় অংশগ্রহণ করেন কলা অনুষদের ডীন অধ্যাপক কে এম মোহসীন এবং অধ্যাপক আবদুল মমিন চৌধুরী।

অধ্যাপক আনিসুজ্জামান তাঁর প্রবন্ধে বলেন, "ধর্মভিত্তিক রাজনীতির যে কুফল আমরা ভোগ করেছি, ধর্মের নামে যে শোষণ ও নিপীড়ন এখানে চলেছে এবং বাংলাদেশের প্রতিষ্ঠায় সকল সম্প্রদায়ের মানুষের মিলিত সংগ্রামের যে ইতিহাস আমরা রচনা করেছি, তার ভিত্তিতে ধর্মনিরপেক্ষতার আদর্শ গ্রহণই আমাদের পক্ষে স্বাভাবিক ও সংগত ছিলো।"

তিনি আরও বলেন, "ধর্ম নিয়ে রাজনীতির পরিণাম যে কত ভয়াবহ হতে পারে, তা নিশ্চয় আমাদের অজানা নয়। ধর্ম ব্যক্তিগত জীবনের বিষয় হয়ে থাক, রাষ্ট্রের সঙ্গে তার সংশ্রব ঘটিয়ে কাজ নেই, তাতে রাষ্ট্র ও ধর্ম দুই–ই ক্ষতিগ্রস্ত হয়। আর এই বোধ যাঁর আছে, তাঁকেই বলতে হবে আমরা ধর্ম নিরপেক্ষতায় ফিরে যাবো, যেমন ফিরে গিয়েছি সংসদীয় গণতন্ত্রে।" প্রেস বিজ্ঞপ্তি।